

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পাস-২ শাখা  
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং- ৪৬.০০.০০০০.০৮৫.০১৪.০২৪.২০১৭-৫২৬


তারিখ : ২৮ ডিসেম্বর ২০১৭

বিষয় : ঢাকা ওয়াসার 'দাশেরকান্দি পয়ঃ শোধনাগার প্রকল্প' এলাকায় Drone ব্যবহারের অনুমতি প্রাপ্তির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের অনাপত্তি প্রদান।

সূত্র : ঢাকা ওয়াসার স্মারক নং ৪৬.১১৩.৬১৭.০০.১০৩.২০১৭-৯৬৫ তারিখ : ০৩/১২/২০১৭

ঢাকা মহানগরবাসীর জন্য পরিবেশবান্ধব, টেকসই ও নিরাপদ পয়ঃ নিষ্কাশন ব্যবস্থা গড়ে তোলার লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের আওতায় 'দাশেরকান্দি পয়ঃ শোধনাগার প্রকল্প'-টি গৃহিত হয়েছে। চীন সরকারের আর্থিক ঋণ সহায়তায় প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের আওতায় ঢাকা মহানগরীর পূর্ব অংশে দাশেরকান্দিতে ৫০০ এমএলডি ক্ষমতাসম্পন্ন একটি পয়ঃ শোধনাগার নির্মাণ করা হবে। বাংলাদেশ ও চীন সরকারের মধ্যে দ্বিপাক্ষিক চুক্তির আওতায় এটি একটি G to G প্রকল্প। চীনা রাষ্ট্রায়ত্ত্ব ঠিকাদারী প্রতিষ্ঠান HydroChina Corporation প্রকল্প বাস্তবায়ন কাজে নিয়োজিত আছে। ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক Aerial Photography and Videography করে নির্দিষ্ট সময় অন্তর অন্তর কাজের অগ্রগতি পর্যালোচনার জন্য প্রকল্প এলাকায় Drone ব্যবহার করা প্রয়োজন মর্মে ঢাকা ওয়াসা জানিয়েছে। সে লক্ষ্যে উক্ত Drone ব্যবহারে অনুমতির নিমিত্ত ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হয়েছে। উল্লেখ্য, Drone ব্যবহারের চূড়ান্ত অনুমতি বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ প্রদান করে থাকে।

২। এমতাবস্থায়, জনগুরুত্বপূর্ণ ঢাকা ওয়াসার 'দাশেরকান্দি পয়ঃ শোধনাগার প্রকল্প'-টি সুষ্ঠুভাবে বাস্তবায়নের স্বার্থে প্রকল্পভূক্ত এলাকায় নির্দিষ্ট সময় অন্তর অন্তর ঠিকাদারী প্রতিষ্ঠান কর্তৃক Drone ব্যবহারের জন্য বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ এর অনুমতি প্রাপ্তির লক্ষ্যে স্থানীয় সরকার বিভাগের সম্মতি/অনাপত্তি নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো।

  
(ড. কে এম কামরুন্নামান সেলিম)  
উপসচিব

ফোন : ৯৫৪০৩৭০

watersupply\_02@yahoo.com

ব্যবস্থাপনা পরিচালক  
ঢাকা ওয়াসা, ঢাকা।

অনুলিপি : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা-১২২৯।
- ২। অতিরিক্ত সচিব (পাস), স্থানীয় সরকার বিভাগ।
- ৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৫। সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়।
- ৬। প্রকল্প পরিচালক, 'দাশেরকান্দি পয়ঃ শোধনাগার প্রকল্প', ঢাকা ওয়াসা।
- ৭। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।